



Ref.: আই আই ইউ সি/রে.অ./নোটিশ/২০২০

Date: এপ্রিল ১৪, ২০২০

অনলাইনে ক্লাস পরিচালনা প্রসঙ্গে

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

আসসালামু আলাইকুম ও শুভ নববর্ষ।

আপনারা সকলেই অবগত আছেন যে আমরা ইতিহাসের একটি সঙ্কটময় সময় অতিবাহিত করছি। এই ক্রান্তিলগ্নে শিক্ষা সহ প্রায় সকল খাত চরম ঝুঁকির মধ্যে রয়েছে। বাংলাদেশ - আমাদের এই প্রিয় মাতৃভূমি অত্যন্ত জনবহুল ও আয়তনের দিক থেকে অত্যন্ত ছোট একটি রাষ্ট্র। আমাদের অর্থনীতিও তেমন স্বনির্ভর ও সবল নয়। এই সকল কারনেই আমাদের জন্য ঝুঁকিটা একটু বেশিই।

নাগরিকদের স্বাস্থ্য ঝুঁকির কথা বিবেচনা করে আমাদের সরকার মার্চের মাঝামাঝি সময় থেকে পর্যায়ক্রমে ২৫ এপ্রিল ২০২০ ইং পর্যন্ত সকল শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশ দিয়েছে। সেমতে আপনাদের প্রিয় প্রতিষ্ঠান আই আই ইউ সিও বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকলেও বিকল্প পদ্ধতিতে যেমন অনলাইনে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার ব্যাপারে সরকারের সংশ্লিষ্ট মহল যথেষ্ট তৎপর। প্রাইমারি ও সেকেন্ডারি লেভেলে 'আমার ঘর আমার স্কুল' নামে টেলিভিশন সহ অন্যান্য সামাজিক মাধ্যম ব্যবহার করে শিক্ষা কার্যক্রম চালু রয়েছে।

উচ্চশিক্ষা পরিবারের গার্ডিয়ান হিসেবে পরিচিত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) দুটি প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিশ্ববিদ্যালয়সমূহকে অনলাইনে ক্লাস অব্যাহত রাখার আহ্বান জানিয়েছে। সকল শিক্ষককে ক্লাস নেয়ার জন্য ZOOM APPS এর লাইসেন্সড ভার্সন সরবরাহ করেছে। স্বাস্থ্য বিভাগ থেকেও ঘরবন্দী শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যের সুস্থতার কথা চিন্তা করে বিভিন্নভাবে ব্যস্ত রাখার ব্যাপারে দিক নির্দেশনা দেয়া হয়েছে।

প্রিয় শিক্ষার্থীবৃন্দ, আপনারা জানেন আই আই ইউ সি সর্বাবস্থায় উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে সরকারের সকল সিদ্ধান্ত তা মেনে চলতে সচেষ্ট থাকে। আর এর জন্য সংশ্লিষ্ট মহলে আই আই ইউ সি'র যথেষ্ট সুনামও রয়েছে।

আপনাদের একটি প্রশ্ন থাকতে পারে আমরা কেন দেরি করে ক্লাস শুরু করছি। এর জবাব হোল আমরা আপনাদের পরীক্ষা ও মূল্যায়ন নিয়ে চিন্তিত ছিলাম। ভেবেছিলাম পরীক্ষা নিয়েই ক্লাস শুরু করব। কিন্তু পরীক্ষা ও মূল্যায়ন এর ব্যাপারে ইউ জি সি'র সিদ্ধান্ত আসার পর তা আর সম্ভব হয়নি। এমতাবস্থায় পরীক্ষা ব্যতিরেকে ক্লাস শুরু করার ব্যাপারে ইউ জি সি'র পরামর্শ চাইলে তাঁরা আবারও ক্লাস অব্যাহত রাখার ব্যাপারে পরামর্শ দেয় ও পরীক্ষা পরে নেয়ার ব্যাপারে মত দেয়। তাই আমরা আগামী ১৮ এপ্রিল ২০২০ ইং থেকে সীমিত আকারে ক্লাস পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করি।



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম
الجامعة الإسلامية العالمية شيتاغونغ
International Islamic University Chittagong

Kumira, Chittagong-4318, Bangladesh.

Tel : 03042 51154-61, Fax : 03042 51160, E-mail : info@iiuc.ac.bd
www.iiuc.ac.bd

Ref.: আই আই ইউ সি/রে.অ./নোটিশ/২০২০

Date: এপ্রিল ১৪, ২০২০

এ ব্যাপারে আপনাদের আরও কিছু বিষয় জানা থাকা প্রয়োজন বলে মনে করছিঃ

১। অনলাইনে শ্রেণি কার্যক্রম সীমিত আকারে পরিচালিত হবে। তবে এই বিষয়ে সিদ্ধান্ত নেয়ার এখতিয়ার ডিপার্টমেন্টের রয়েছে।

২। অনলাইন ক্লাস চলাকালীন কাউকে রেজিস্ট্রেশন করতে হবে না।

৩। শুধুমাত্র এই ক্লাসের উপর ভিত্তি করেই পরীক্ষা নেয়া হবে না। পরিস্থিতি স্বাভাবিক হলে সকলের সাথে পরামর্শ করেই পরীক্ষা নেয়া হবে। আর বন্ধ দীর্ঘায়িত হলে ইউ জি সি'র নির্দেশনা মেনেই পরীক্ষা গ্রহণ করা হবে।

৪। সঙ্গত কারণে ক্লাসে যারা অংশগ্রহণ করতে পারবে না তাঁদের জন্য রিভিউ ক্লাসের ব্যবস্থা থাকবে। উল্লেখ্য যে, অনলাইন ক্লাসে যারা উপস্থিত থাকবে তাঁদের পরবর্তীতে রিভিউ ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক নয়।

৫। অন্যান্য বিশ্ববিদ্যালয় আমাদের স্ট্যান্ডার্ড নয়। আমাদের মেনে চলতে হবে সরকারের পক্ষ থেকে শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দিক নির্দেশনা। আর এর ফলে আপনারা আমরা সকলে নিরাপদ থাকতে পারব।

এ ছাড়াও আপনাদের সকল সুবিধা অসুবিধার ব্যাপারে আমরা বিভিন্ন মাধ্যমে তথ্য নিয়ে আপডেটেড থাকার চেষ্টা করছি। আশা করছি প্রিয় প্রতিষ্ঠানের সকল মহতী উদ্যোগে আপনাদের সর্বাত্মক সহযোগিতা অব্যাহত থাকবে। সকলের জন্য দুয়া ও শুভকামনা নিরন্তর।

বাড়িতে থাকুন, নিরাপদে থাকুন, সুস্থ থাকুন।

কর্নেল মুহাম্মদ কাশেম, পি এস সি (অবঃ)
রেজিস্ট্রার, আই আই ইউ সি

